

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
কর্মসংস্থান শাখা-০৪  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

বিষয় : সালতানাত অব ওমানে গৃহকর্মী পেশায় মহিলাদের নিয়োগের ক্ষেত্রে গাইডলাইন প্রণয়ন সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : বেগম শামছুল নাহার

সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

সভার তারিখ ও সময় : ২৮ সেপ্টেম্বর, ২০১৬, সকাল ১০:০০ ঘটিকা

স্থান : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকল সদস্যকে জ্ঞেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (কর্মসংস্থান ও শ্রম বাজার গবেষণা) সভাকে অবহিত করেন যে, ওমানগামী মহিলা গৃহকর্মী নিয়োগে কর্মীর স্বার্থ, সুরক্ষা ও অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে “বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩” এর ধারা ৪৭ এর ক্ষমতাবলে ধারা ২১ ও ২২ এর উদ্দেশ্য পূরণকল্পে নির্দেশাবলী প্রণয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে সভার অতায়তের প্রেক্ষিতে খসড়া গাইডলাইন চূড়ান্ত করা হবে।

০২। সভায় উপস্থাপিত কার্যপত্রের ওপর আলোচনাতে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ২.১ ওমানে গমনেচ্ছু মহিলা গৃহকর্মীদের ন্যূনতম বয়স ২৫ বছর এবং অনূর্ধ্ব ৪৫ বছর হতে হবে;
- ২.২ ন্যূনতম মজুরি ৯০ ওমানি রিয়াল (আনুমানিক ১৮,০০০ টাকা) বা ২৩০ মার্কিন ডলার হতে হবে;
- ২.৩ নিয়োগকর্তার ন্যূনতম মাসিক বেতন/আয় ১০০০ ওমানি রিয়াল হতে হবে;
- ২.৪ কোন নিয়োগকর্তা তার উপর নির্ভরশীল কোন সদস্যের জন্য মহিলা গৃহকর্মী নিয়োগ করতে চাইলে উক্ত নিয়োগকর্তার মাসিক বেতন/আয় ১২০০ ওমানি রিয়াল হতে হবে;
- ২.৫ ওমানগামী মহিলা গৃহকর্মীগণের নিকট হতে কোন অভিবাসন ব্যয় গ্রহণ করা যাবে না। অভিবাসন সংক্রান্ত যাবতীয় ব্যয় নিয়োগকর্তা বহন করবেন;
- ২.৬ বিএমইটি কর্তৃক গঠিত প্রাক-বাহাই কমিটির মাধ্যমে ওমানগামী মহিলা গৃহকর্মীগণের প্রকৃত বয়স ও সক্ষমতা যাচাই করা হবে;
- ২.৭ ওমানগামী মহিলা গৃহকর্মীগণকে বিএমইটির আওতাধীন কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র হতে ৩০ (ত্রিশ) দিনের বাধ্যতামূলক প্রশিক্ষণ গ্রহণপূর্বক সনদ গ্রহণ করতে হবে;
- ২.৮ বিএমইটির বহির্গমন ছাড়পত্র গ্রহণকালে ওমানগামী মহিলা গৃহকর্মীগণের আইনানুগ অভিভাবক (স্বামী/পিতা/মাতা/সহোদর ভাই/শ্বশুর) কর্তৃক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অনাপত্তি সংক্রান্ত স্বাক্ষরিত অঙ্গীকারনামা দিতে হবে;
- ২.৯ চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীর সংশ্লিষ্ট কোম্পানীতে/নিয়োগকর্তার নিকট চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিজুটিং এজেন্সী কর্মীর থাকার খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে যার্মে উক্ত রিজুটিং এজেন্সিকে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
- ২.১০ ওমানগামী মহিলা গৃহকর্মীগণকে বহির্গমন ছাড়পত্র গ্রহণের পূর্বেই নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত এবং দূতাবাস কর্তৃক সত্যায়িত চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে;
- ২.১১ ওমানগামী মহিলা গৃহকর্মীদের নিরাপদ অভিবাসন, সুরক্ষা প্রদান ও ঝুঁকি মোকাবেলা করার জন্য বীমা কার্যক্রম প্রবর্তনের ব্যবস্থা বিবেচনা করা যেতে পারে।

০৩। আলোচনার জন্য অন্য কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১০/১০/২০১৬

(বেগম শামছুল নাহার)

সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

নং-৪৯.০০.০০০০.১১২.১২.০২০.১৫.৫২২

তারিখ : ০১ কার্তিক, ১৩  
১৬ অক্টোবর, ২০১৬

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২. মহাপরিচালক, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/কল্যাণ ও মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৭. উপসচিব (কর্মসংস্থান-২), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীর কপি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. অফিস কপি।

(শোভা শাহনাজ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৩৫৬৭৩৫

ই-মেইল:sasemployment3@probashi.gov.bd